



Cosmo School

রাজিয়া সুলতানা

লেকচার শীট-৩

শ্রেণি-তৃতীয় বিষয়-বাংলা

অধ্যায়: একাই একটি দুর্গ

তারিখ: ১৪.০৬.২০২০

❖ গল্পের বাকী অংশ রিডিং পড়বে।

❖ মূলশব্দঃ

নয়জন নিহত



এসময় আরো একজন নিহত হলেন। একে একে
নয়জন মুক্তিযোদ্ধা শহীদ হলেন।

পিছু হটলেন



মোস্তফা কামাল সবাইকে পিছু হটার আদেশ দিলেন।
তা না হলে সবাই কে শেষ করে দিবে। মোস্তফা
কামালকে রেখে সবাই পিছু হটে গেলেন।

মৃত্যুবরণ করলেন



মোস্তফা কামাল যখন গুলি চালাতে লাগলেন হঠাৎ শত্রুর
একটি গোলা এসে পড়ল পরিখার মধ্যে। তার শরীর
ঝাঁঝরা হয়ে গেল এবং তিনি মৃত্যু বরণ করলেন। তাকে
সমাহিত করা হয় দরুইনের মাটিতে।

বীরশ্রেষ্ঠ খেতাব



তিনি আমাদের গৌরব ও অকুতোভয় বীর। বাংলাদেশ সরকার তার বীরত্বের জন্য সর্বোচ্চ 'বীরশ্রেষ্ঠ' খেতাবে ভূষিত করে।

- ❖ কঠিন শব্দঃ অকুতোভয়, নির্বিঘ্নে, বীরশ্রেষ্ঠ, সমাহিত, ভূষিত
- ❖ এক বাক্যের প্রশ্ন উত্তরঃ

- ১.কতজন মুক্তিযোদ্ধা শহীদ হলেন ?
- ২.কে একাই গুলি চালাতে লাগলেন ?
- ৩.মোস্তফা কামালের শরীর কিসের আঘাতে বাঁঝরা হয়ে গেল?
- ৪.মোস্তফা কামালকে কোথায় সমাহিত করা হয়?
- ৫.মোস্তফা কামালকে কোন খেতাবে ভূষিত করা হয়?

শিক্ষার্থীরা নিজেরাই উত্তর দেয়ার চেষ্টা করবে।

উত্তরঃ

- ১.নয়জন মুক্তিযোদ্ধা শহীদ হলেন।
- ২.মোস্তফা কামাল।
- ৩.শত্রুর গোলার আঘাতে।
- ৪.ব্রাহ্মণবাড়িয়া জেলার দরুইন গ্রামে।
- ৫.সর্বোচ্চ 'বীরশ্রেষ্ঠ' খেতাবে ভূষিত করা হয়।